

তথ্যবিবরণী

নম্বর: ৭৮

**শহীদ বুদ্ধিজীবী দিবস উদযাপন উপলক্ষ্যে ময়মনসিংহ বধ্যভূমি স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ**

বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) শহীদ বুদ্ধিজীবী দিবস। সারাদেশের ন্যায় ময়মনসিংহে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়। দিনব্যাপী কর্মসূচিসমূহের অংশ হিসেবে সকাল ৭:১৫ মিনিটে নগরীর থানাঘাট বধ্যভূমি স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে বুদ্ধিজীবীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

কুয়াশাছন্ন শীতের সকালে বধ্যভূমি স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে প্রথম শ্রদ্ধা নিবেদন করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। পুষ্পস্তবক অর্পণ পর্বে ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি শাহ আবিদ হোসেন, স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহমেদ, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ইউসুফ আলী, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোঃ আজিজুর রহমান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) তাহমিনা আক্তার, ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী প্রমুখ অংশগ্রহণ করেন। শহীদ বুদ্ধিজীবীদের প্রতি পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন জেলা মুক্তিযোদ্ধা সংসদ, ময়মনসিংহের বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের প্রতিনিধিসহ বিভিন্ন স্তরের জনগণ। তারা পুষ্পার্পণ শেষে কিছুক্ষণ নিরবে দাঁড়িয়ে থেকে বুদ্ধিজীবীদের প্রতি গভীর সম্মান প্রদর্শন করেন।

#

রিদওয়ান/দেওয়ান/মনির/রেজভী/হদা/ /২০২৩/১৫:০০ ঘন্টা